

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ইডেন মহিলা কলেজে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্বে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৮ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীদের মাস্টার্স শেষ বর্ষে (২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ) অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। আগামী ১৫/১১/২০২০ খ্রি. তারিখ হতে www.edencollege.eshiksabd.com ওয়েবসাইটে প্রবেশ করে ফরম পূরণ করা যাবে।

যে সকল কোর্সে ইডেন মহিলা কলেজে ভর্তি হওয়া যাবে:

এমএ: বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা, দর্শন,

এমবিএ: হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, মার্কেটিং,

এমএসএস: অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, সমাজবিজ্ঞান,

এমএসসি: গণিত, রসায়ন, পদার্থবিজ্ঞান, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, ভূগোল ও পরিবেশ

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্বে ভর্তি ফি

বিষয়ের নাম	আইসিটি ব্যতীত ফি	আইসিটিসহ ফি (আইসিটি ফি ২৯০০/-)
এম.এ/এম.এস.এস/এম.বিএস	৪২৬৫.০০	৭১৬৫.০০
এম.এসসি	৪৫১৫.০০	৭৪১৫.০০

সেমিনার ফি অন্তর্ভুক্ত রয়েছে বিধায় বিভাগ সেমিনার ফি আদায় করবে না। ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর স্ব স্ব বিভাগের ব্যাংক হিসাবে সেমিনার ফি জমা হবে।

* থিসিস ফি, টার্ম পেপার ফি ও মার্চকর্ম ফি বিভাগ আদায় করবে।

২। আইসিটি কোর্স গ্রহণ:

আইসিটি কোর্স মাস্টার্স শেষ পর্বের একটি নন-ক্রেডিট কোর্স। এই কোর্সের প্রাপ্ত নম্বর মাস্টার্সের মূল ফলাফলকে প্রভাবিত করবে না। এটি এক বছরের ডিপ্লোমা কোর্সের সমতুল্য। ঢাকা বিশ্ববিদ্যালয় এর জন্য পৃথক সার্টিফিকেট ইস্যু করবে। তথ্য প্রযুক্তির এ যুগে আইসিটি সনদ খুবই গুরুত্বপূর্ণ বিধায় আইসিটি কোর্স গ্রহণে সকলকে উৎসাহ প্রদান করা হচ্ছে।

৩। ভর্তির যোগ্যতা: ২০১৮ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় চূড়ান্ত উত্তীর্ণ ছাত্রী ভর্তি হতে পারবে। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ০২/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০১৮ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে অনধিক ২ (দুই) পত্রে অকৃতকার্য ছাত্রী ভর্তি হতে পারবে। তবে শর্ত থাকে যে, অকৃতকার্য ছাত্রী ২০১৯ সনের মাস্টার্স পরীক্ষার ফরম পূরণের পূর্বে অনার্স উত্তীর্ণ হতে না পারলে তার মাস্টার্স ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং মাস্টার্স পরীক্ষার ফরম পূরণ করতে পারবে না। ইডেন মহিলা কলেজ ব্যতীত ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত কলেজের অন্য ছয় কলেজের শুধুমাত্র ছাত্রীরা তার কলেজের অধ্যক্ষের স্বাক্ষরিত ছাড়পত্র গ্রহণ করে এ কলেজের সংশ্লিষ্ট বিভাগে ছাড়পত্র জমা দেয়ার পর ভর্তির ফরম পূরণ করতে পারবে।

৪। শিক্ষার্থীর করণীয়: উপরোল্লিখিত ওয়েব সাইটে প্রবেশ করে 'edenstudent' ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করতে হবে। ওয়েবসাইটটি ওপেন হওয়ার পর Admission ট্যাব ক্লিক করে ভর্তি ফরম পূরণ করতে হবে। ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী তথ্যাদি পূরণ করে ডাচবাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা পরিশোধ করতে হবে। ভর্তি ফরমটি প্রিন্ট করে মার্কসীটসহ (অনলাইন কপি) কলেজের সংশ্লিষ্ট বিভাগে পরবর্তী দুই দিনের মধ্যে জমা দিতে হবে। ভর্তি ফরম বিভাগে জমা না দিলে তার ভর্তি নিশ্চিত হবে না।

৫। বিভাগের করণীয়: বিভাগ ভর্তিকৃত ছাত্রীর ফরম ও অন্যান্য তথ্যাদি জমা নিবেন এবং অনলাইনে ভর্তি নিশ্চিত করবেন।

বিগ্ধঃ ভর্তি ফরম পূরণে কোন সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

 12.11.2020
(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য্য)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।



কার্যার্থে:

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ২। প্রধান সহকারি, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৩। কোষাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৫। সংরক্ষণ নথি।